

কুরআন ও সহীহ হাদীসের আলোকে নিষিদ্ধ কর্মকান্ড

বিভাগ/অধ্যায়ঃ কুরআন ও হাদীসে বর্ণিত নিষিদ্ধ কর্মসমূহ রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

১৬৯. চিকিৎসার উদ্দেশ্যে আগুনে পোড়ানো কোন লোহা দিয়ে শরীরের যে কোন জায়গায় দাগ দেয়া

আব্দুল্লাহ্ বিন্ 'আববাস্ (রাযিয়াল্লাভ্ আনভ্মা) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সা.) ইরশাদ করেন:

"তিন জিনিসে চিকিৎসা রয়েছে: মধু পানে, শিঙা লাগানোয় তথা শরীর থেকে দূষিত রক্ত বের করায় এবং আগুনে পোড়ানো লোহা দিয়ে শরীরের কোন জায়গায় দাগ দেয়ায়। তবে আমি আমার উম্মতকে আগুনে পোড়ানো লোহা দিয়ে শরীরের কোন জায়গায় দাগ দিতে নিষেধ করছি"।[1]

'ইমরান বিন 'হুস্বাইন (রা.) থেকে বর্ণিত তিনি বলেন:

نَهَى النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَنِ الْكَيِّ فَاكْتَوَيْنَا ، فَمَا أَفْلَحْنَا وَلاَ أَنْجَحْنَا

"নবী (সা.) আগুনে পোড়ানো লোহা দিয়ে শরীরের কোন জায়গায় দাগ দিতে নিষেধ করেছেন। এরপরও আমরা আগুনে পোড়ানো লোহা দিয়ে শরীরে দাগ দিয়েছি। তবে আমরা এতে কোন সফলতা পাইনি। কখনো সফলকাম হইনি"।[2]

>

ফুটনোট

- [1] (বুখারী, হাদীস ৫৬৮০, ৫৬৮১)
- [2] (আবু দাউদ, হাদীস ৩৮৬৫)

Source — https://www.hadithbd.com/books/link/?id=11419

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন